রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১৫ই কার্তিক, ১৩৯৫/৩১শে অক্টোবর, ১৯৮৮

নং এস, আর, ও ৩২২-আইন/৮৮/৪২৫-বিচার-৪/৫সি-৭/৮৩— দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অত্র মন্ত্রণালয়ের ২৩শে ভাদ্র ১৩৯৫/৭ই সেপ্টেম্বর ১৯৮৮ তারিখের ২৯২/২-বিচার ৪/৫সি-৪/৮৭ নম্বর স্মারক সূত্রে সরকার নির্দেশ দিতেছেন যে, সাতক্ষীরার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, সাতক্ষীরা জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ৩২৩-আইন/৮৮/৪২৪-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এবং অত্র মন্ত্রণালয়ের ২৩শে ভাদ্র ১৩৯৫/৭ই সেপ্টেম্বর ১৯৮৮ তারিখের ২৯২/২-বিচার ৪/৫সি-৪/৮৭ নম্বর স্মারক সূত্রে সরকার নির্দেশ দিতেছেন যে, নওগাঁয়ের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, নওগাঁ জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।



মূল্যঃ ৩০ পয়সা

নং এস, আর, ও ৩২৪-আইন/৮৮/৪২৩-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং অত্র মন্ত্রণালয়ের ২৩শে ভাদ্র ১৩৯৫/৭ই সেপ্টেম্বর ১৯৮৮ তারিখের ২৯২/২-বিচার ৪/৫সি-৪/৮৭ নম্বর স্মারক সূত্রে সরকার নির্দেশ দিতেছেন যে, কক্সবাজারের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, কক্সবাজার জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ৩২৫-আইন/৮৮/৪২২-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অত্র মন্ত্রণালয়ের ২৯শে শ্রাবণ ১৩৯৫/১৩ই আগষ্ট ১৯৮৮ তারিখের এস, আর, ও ২৫৬-আইন/৮৮/২৬৪-বিচার ৪/৫সি-৭/৮৩ নম্বর প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নির্দেশ দিতেছেন যে, যশোহরের যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি সাতক্ষীরায় বদলী করা হইয়াছিল তাহা সাতক্ষীরার পরিবর্তে যশোহর জেলার জেলা সদরে পুনঃস্থাপিত হইবে।

২। এই আদেশ ১লা নভেম্বর ১৯৮৮ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ৩২৬-আইন/৮৮/৪২১-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অত্র মন্ত্রণালয়ের ২৯শে শ্রাবণ ১৩৯৫/১৩ই আগষ্ট ১৯৮৮ তারিখের এস, আর, ও ২৫৭-আইন/৮৮/২৬৫-বিচার ৪/৫সি-৭/৮৩ নম্বর প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নির্দেশ দিতেছেন যে, চট্টগ্রামের যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি কক্সবাজারে বদলী করা হইয়াছিল তাহা কক্সবাজারের পরিবর্তে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, চট্টগ্রাম জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ ১লা নভেম্বর ১৯৮৮ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ৩২৭-আইন/৮৮/৪২০-বিচার ৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ১৫ই জুন ১৯৮৬ তারিখের এস, আর, ও ১৭৭-এল/৮৬/১০০-বিচার ৪/৫সি-৭/৮৩ নম্বর বিজ্ঞপ্তি সংশোধনক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, সিলেটের যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি নওগাঁয়ে বদলী করা হইয়াছিল তাহা নওগাঁয়ের পরিবর্তে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, সিলেট জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এ, কালাম

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।